অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/15/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট জুড়ে বিদ্যমান অলাভজনক শিল্প ও সাংস্কৃতিক সংগঠনগুলোকে সহায়তা করার জন্য মূলধনী তহবিলে 80 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করার কথা ঘোষণা করেছেন

সব আকারের সংস্থার জন্য 10,000 ডলার থেকে 10 মিলিয়ন ডলার পর্যন্ত অনুদান; আবেদন করার শেষ তারিখ 12 জানুয়ারি, 2027

শিল্প ও সাংস্কৃতিক সংগঠনগুলোকে সহায়তা করার লক্ষ্যে 2026 অর্থবছরে NYSCA-এর মাধ্যমে প্রদত্ত 163 মিলিয়ন ডলারের অনুদানের ওপর ভিত্তি করে এই উদ্যোগটি গড়ে উঠেছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করেছেন যে 80 মিলিয়ন মার্কিন ডলার মূলধন তহবিল এখন অলাভজনক শিল্প ও সাংস্কৃতিক সংগঠনগুলোগুলোর জন্য নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন আর্টস (New York State Council on the Arts, NYSCA) ক্যাপিটাল প্রজেক্ট ফান্ডের (Capital Projects Fund) মাধ্যমে বিদ্যমান রয়েছে। তহবিলের তিনটি অনুদান বিভাগ রয়েছে: ক্ষুদ্র ও মাঝারি আকারের মূলধনী উন্নয়ন অনুদান, বৃহৎ মূলধনী উন্নয়ন অনুদান এবং শিল্প ও সংস্কৃতির জন্য মূলধনী ডিজাইন অনুদান। এই 80 মিলিয়ন ডলারের অর্থায়নের সুযোগটি চলতি বছরের শুরুতে NYSCA কর্তৃক প্রদত্ত 82 মিলিয়ন ডলারের মূলধনী বরাদ্দের উপর ভিত্তি করে গড়ে উঠেছে, যার মধ্যে সম্প্রদায় উন্নয়ন এবং স্থান নির্মাণকে অগ্রাধিকার দেয় এমন বৃহৎ আকারের মূলধনী প্রকল্পগুলোকে সহজতর করার জন্য বহু-বার্ষিক অর্থায়ন অন্তর্ভুক্ত রয়েছে।

"নিউ ইয়র্কের শিল্প ও সাংস্কৃতিক সংগঠনগুলো আমাদের সমৃদ্ধশালী কমিউনিটিগুলোর একটি প্রধান চালিকাশক্তি — যা স্থানীয় অর্থনীতিকে গতিশীল করে এবং সারা বিশ্ব থেকে পর্যটকদের আকর্ষণ করে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "নতুন নির্মাণকাজ, প্রবেশযোগ্যতার উন্নয়ন এবং পরিবেশগত দীর্ঘস্থায়ী উদ্যোগের ক্ষেত্রে বিনিয়োগের মাধ্যমে এই সংস্থাগুলো নিজেদের বিকাশ ও সম্প্রসারণ ঘটাতে পারে এবং তারা যেসব কমিউনিটির সেবা প্রদান করে, তাদের অনুপ্রাণিত করার ধারা অব্যাহত রাখতে পারে।"

NYSCA-র মুলধনী প্রকল্পের তহবিল সেইসমস্ত অমুনাফাভোগী কলা ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানকে সমর্থন করা যারা মুলধনী উন্নয়নের জন্য স্টেটের তহবিল খুঁজছে যা সংগঠনগুলিকে বৈচিত্র্যময় দর্শকের জন্য সাংস্কৃতিক কর্মসূচি টেকসই ও সম্প্রসারণ করতে দিবে, অ্যাক্সেসিবিলিটি এবং

পরিবেশগতভাবে টেকসই হওয়ার প্রকার করবে, চাকরি সংরক্ষণ ও তৈরি করবে, এবং পরিণামে নিউ ইয়র্কের প্রাণবন্ত পর্যটন খাতের বিকাশে অবদান রাখবে। সব আকারের সংস্থা এবং প্রকল্পের জন্য 10,000 ডলার থেকে 10 মিলিয়ন ডলার পর্যন্ত অনুদান।

2027 অর্থবছরের মূলধনী প্রকল্প তহবিলের তিনটি সুযোগ হল:

শিল্প ও সংস্কৃতির জন্য ক্ষুদ্র ও মধ্যম আকারের মূলধনী উন্নয়ন অনুদান: এই সুযোগটি যেকোনো আকারের অলাভজনক শিল্প ও সাংস্কৃতিক সংগঠনগুলোর মাধ্যমে শুরু করা প্রকল্পগুলোকে তহবিলের জোগান দেয় যার মধ্যে নির্মাণ এবং মূলধনী সরঞ্জামের জন্য 2 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত অনুদান রয়েছে যা অ্যাক্সেসযোগ্যতা, শৈল্পিকতা, সাংস্কৃতিক উন্নয়ন, স্থায়িত্ব, স্বাস্থ্য ও নিরাপত্তা এবং কাঠামোগত ও ধারাবাহিক উন্নতিকে অগ্রাধিকার দেয়। 50,000 ডলার থেকে 2 মিলিয়ন ডলার পর্যন্ত অনুদান, প্রকল্পের মোট ব্যয়ের সর্বোচ্চ 50 শতাংশ পর্যন্ত সহায়তা প্রদান করে। এছাড়াও 2 মিলিয়ন মার্কিন ডলারের নিচে অপারেটিং বাজেটধারী সংগঠনগুলো 10,000 থেকে 99,000 মার্কিন ডলারের নো-ম্যাচ অনুদান পাবে। শক্তিশালী প্রকল্প নকশায় পারদর্শিতার সাথে সাংগঠনিক ক্ষমতা সম্পর্কিত জ্ঞাত সিদ্ধান্ত এবং সম্প্রদায়ের চাহিদাকে একীভূত করে যা নিউ ইয়র্ক জুড়ে শিল্প ও সাংস্কৃতিক সংগঠনসমূহের ভবিষ্যতকে ইতিবাচকভাবে প্রভাবিত করবে।

শিল্প ও সংস্কৃতির জন্য বড় ক্যাপিটাল উন্নয়ন অনুদান এই সুযোগ স্টেটব্যাপী শিল্প ও সাংস্কৃতিক অমুনাফাভোগী প্রতিষ্ঠান যেগুলি কার্যকর, বৃহৎ-আকারের মুলধনী উন্নয়ন প্রকল্প হাতে নিচ্ছে তাদের সহায়তা করবে। অনুদান 2 মিলিয়ন মার্কিন ডলার থেকে শুরু করে 10 মিলিয়ন মার্কিন ডলার হবে ঐসব প্রকল্পের জন্য যাদের মোট খরচ 4 মিলিয়ন মার্কিন ডলার বা তার অধিক (অনুদান প্রকল্পের মোট ব্যয়ের সর্বাধিক 50 শতাংশ সমর্থন করে)। এই অর্থায়ন সেই সমস্ত বিনিয়োগগুলিকে সমর্থন করবে যা সংগঠনগুলিকে সাংস্কৃতিক প্রকল্প সম্প্রসারণের মাধ্যমে নতুন এবং বৈচিত্র্যময় জনসাধারণ পর্যন্ত পৌঁছানো এবং অ্যাক্সেসিবিলিটি প্রচার করার মাধ্যমে বেড়ে উঠতে সহায়তা করবে। এই অনুদানগুলি স্টেটের অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যগুলিকে এগিয়ে নিয়ে যেতে সহায়তা করবে এবং সকল আবেদনকারীর জন্য সামাজিক সমতা উদ্যোগ এবং সকল নিউ ইয়র্কবাসীদের সেবা প্রদান করে এমন অ্যাক্সেস পরিকল্পনায় প্রতিশ্রুতি প্রদান বাধ্যতামূলক হবে।

শিল্প ও সংস্কৃতির জন্য ক্যাপিটাল ডিজাইন অনুদান এই সুযোগটি স্টেট জুড়ে 10 মিলিয়ন মার্কিন ডলার বা তার কম অপারেটিং বাজেটধারী শিল্প ও সাংস্কৃতিক অলাভজনক সংগঠনগুলোর জন্য মধ্য-পর্যায়ের এবং উন্নত ডিজাইনের নথির বিকাশে সহায়তা করবে যারা যোগ্য মূলধনগত উন্নতির পরিকল্পনা করছে এবং বর্তমানে ডিজাইনের প্রাথমিক পর্যায়ে রয়েছে। অনুদানের পরিসীমা হবে ডিজাইন পর্বের মোট ব্যয়ের সর্বোচ্চ 50 শতাংশের ক্ষেত্রে 50,000-500,000 মার্কিন ডলার। এছাড়াও 2 মিলিয়ন মার্কিন ডলারের নিচে অপারেটিং বাজেটধারী সংগঠনগুলো 10,000 থেকে 99,000 মার্কিন ডলারের নো-ম্যাচ অনুদান পাবে।

এই সুযোগগুলোর জন্য অ্যাপ্লিকেশন পোর্টাল এবং নির্দেশিকাগুলো এখন উন্মুক্ত রয়েছে এবং NYSCA-এর ওয়েবসাইট, arts.ny.gov-এ অ্যাক্সেস করতে পারেন। সম্পূর্ণ আবেদনপত্র জমা

দেওয়ার শেষ তারিখ 12 জানুয়ারী, 2027, বিকেল 5টা। নিউ ইয়র্ক স্টেটের সমস্ত যোগ্য অলাভজনক শিল্প ও সাংস্কৃতিক সংগঠনগুলোকে NYSCA-এর ক্যাপিটাল প্রজেক্ট ফান্ডের জন্য আবেদন করার আহ্বান জানানো হচ্ছে। NYSCA আবেদন প্রক্রিয়া সম্পর্কে ওয়েবিনারের আয়োজন করবে এবং আবেদনকারীদের জন্য 12 জানুয়ারি, 2027 এর সময়সীমার পূর্বে একজনের জন্য একজন হিসেবে সহায়তা লাভের জন্য একাধিক ভার্চুয়াল অফিস সেশনের আয়োজন করবে। মঞ্জুর করা অনুদানগুলো 2027 সালের বসন্তকালের শেষদিকে ঘোষণা করা হবে বলে আশা করা হচ্ছে।

2018 সালে NYSCA এর ক্যাপিটাল প্রজেক্টস ফান্ড শুরু হওয়ার পর থেকে, এজেন্সিটি গভর্নর ও আইনসভার সমর্থনের মাধ্যমে স্টেটের 10টি অঞ্চলে 739টি মূলধনী অনুদান প্রদান করেছে, যার মোট পরিমাণ 382 মিলিয়ন মার্কিন ডলারের বেশি। প্রজেক্টগুলি চাকরি দেওয়ার ক্ষমতা বাড়ায় এবং পর্যটন গন্তব্য হিসেবে সাংস্কৃতিক ভেন্যুগুলিকে অগ্রসর করে, নিউ ইয়র্কের আতিথেয়তা, খাদ্য ও পানীয় এবং খুচরা বিক্রির খাতকে জোরদার করে। ক্যাপিটাল প্রজেক্টস ফান্ড (Capital Projects Fund) ছাড়াও NYSCA 2026 অর্থবছরের জন্য শিল্প প্রতিষ্ঠান ও শিল্পীদের 80.9 মিলিয়ন মার্কিন ডলার নন-ক্যাপিটল অনুদান প্রদান করেছে।

গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের বিশিষ্ট শিল্প ও সাংস্কৃতিক খাতকে বাড়ানোর জন্য রেকর্ড পরিমাণ বিনিয়োগ অব্যাহত রেখেছেন। এছাড়াও 2027 অর্থ বছরের বাজেটে অলাভজনক সংগঠন এবং স্বতন্ত্র শিল্পীদের জন্য NYSCA সাধারণ অপারেটিং সহায়তা তহবিলে 81 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি অন্তর্ভুক্ত রয়েছে। এই অনুদানগুলো ক্যালেন্ডার বছরের শেষে প্রদান করা হবে।

নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন দ্য আর্টস (New York State Council on the Arts)-এর নির্বাহী পরিচালক Erika Mallin (এরিকা ম্যালিন) বলেন, "শিল্প ও সাংস্কৃতিক সংগঠনগুলি শক্তিশালী অর্থনৈতিক চালিকাশক্তি - কর্মসংস্থান সৃষ্টি করে, পর্যটনকে চালিত করে এবং তাদের আশেপাশের কমিউনিটিগুলোকে উত্সাহিত করে। অবকাঠামোগত উন্নয়নে 80 মিলিয়ন ডলারের এই বিনিয়োগ নিশ্চিত করতে সহায়তা করবে যে, আগামী কয়েক দশক ধরে সমগ্র নিউ ইয়র্ক স্টেট জুড়ে প্রবৃদ্ধি অব্যাহত রাখার মতো প্রয়োজনীয় সম্পদ এই সংস্থাগুলোর কাছে থাকবে।"

নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন দ্য আর্টস-এর সভাপতি Patrick Willingham (প্যাট্রিক উইলিংহাম) বলেন, "আমাদের শিল্প ও সাংস্কৃতিক সংগঠনগুলোতে বিনিয়োগ করার অর্থ হলো তাদের ভবিষ্যতে বিনিয়োগ করা, যার মধ্যে রয়েছে অধিকতর স্থায়িত্ব। এই তহবিলটি সংগঠনগুলোকে তাদের স্থাপনাগুলো আধুনিকীকরণ ও পরিবেশের ওপর নেতিবাচক প্রভাব কমাতে সহায়তা করবে এবং প্রজন্মের পর প্রজন্ম ধরে আমাদের কমিউনিটিগুলোকে সেবা প্রদানের সুযোগ করে দেবে।"

স্টেট সিনেটর Jose M. Serrano (জোসে এম. সেরানো) বলেন, "সমৃদ্ধ শিল্প ও সাংস্কৃতিক সংগঠনগুলো আমাদের পুরো স্টেট জুড়ে অর্থনৈতিক শক্তি জোগায় এবং আঞ্চলিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করে। সাংস্কৃতিক বিষয়াবলি, পর্যটন, পার্ক ও বিনোদন বিষয়ক সিনেট কমিটির সভাপতি

হিসেবে, শিল্প ও সংস্কৃতি খাতের সহায়তায় এই অত্যন্ত গুরুত্বপূর্ণ অর্থ বরাদ্দ নিশ্চিত করতে ভূমিকা রাখতে পেরে আমি গর্বিত, সেইসাথে, সৃজনশীল খাতে নিউ ইয়র্কের অব্যাহত বিনিয়োগ দেখে আমি আনন্দিত। গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) NYSCA, অ্যাসেম্বলিম্যান Ron Kim (রন কিম) এবং সরকারের যেসব সহকর্মী আমাদের সংগঠনগুলোকে বড় স্বপ্ন দেখতে, ভবিষ্যতের পরিকল্পনা করতে এবং এই সুযোগগুলোর জন্য আবেদন করতে উৎসাহিত করেন, তাদের সবাইকে অসংখ্য ধন্যবাদ।"

অ্যাসেম্বলিমেম্বার Ron Kim (রন কিম) বলেন, "আমাদের শিল্প ও সংস্কৃতি বিষয়ক সংগঠনগুলো হলো এমন সব স্থান যেখানে নিউ ইয়র্কবাসীরা একত্রিত হন, একে অপরের সাথে সংযুক্ত হন এবং নতুন কিছু শেখেন। যখন তারা বৃদ্ধি পায় এবং উন্নতি লাভ করে, তখন সবাই উপকৃত হয় — লোকজনের যাতায়াত বেড়ে যাওয়া থেকে শুরু করে নতুন দর্শনার্থী এবং জড়িত কমিউনিটির বাসিন্দারা। NYSCA-এর ক্যাপিটাল প্রজেক্টস ফান্ড-এর সুযোগগুলো এই সংগঠনগুলোকে বিকশিত ও সমৃদ্ধ হতে এবং ভবিষ্যতের পরিকল্পনা গ্রহণে অত্যন্ত গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করে।"

নিউ ইয়র্ক স্টেটের কাউন্সিল অন দ্য আর্টসের ব্যাপারে

নিউ ইয়র্ক স্টেটের কাউন্সিল অন দ্য আর্টসের এর মিশন হল সকলের জন্য নিউ ইয়র্ক স্টেটের শিল্প, সংস্কৃতি, এবং সৃজনশীলতার সম্পূর্ণ ব্যাপ্তি প্রতিপালন ও উন্নত করা। নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন দ্য আর্টস 2027 অর্থ বছরে 161 মিলিয়ন মার্কিন ডলারেরো বেশি অনুদান দেবে যা স্টেটের 10টি অঞ্চলের সকল সংগঠন এবং শিল্পীদের সহায়তা করবে। 1960 সালে গভর্নর Nelson Rockefeller-এর (নেলসন রকফেলার) তৈরি করা এবং গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) এবং নিউ ইয়র্ক স্টেটের আইনসভার সমর্থন পেয়ে চলতে থাকা কাউন্সিলটি হলো একটি এজেন্সি যা এক্সিকিউটিভ ব্রাঞ্চের অংশ। NYSCA সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে arts.ny.gov ভিজিট করুন এবং NYSCA-এর Facebook পেজ, X-এ @NYSCArts এবং Instagram-এ @NYSCouncilontheArts ফলো করুন।

###